উপজেলা পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

**jamalpursadar.jamalpur.gov.bd**

## ডিসেম্বর/২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভার কার্য-বিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর। |
| তারিখ | : | ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি: |
| সময় | : | সকাল: ১১.৩০ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ হলরুম। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে নব যোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার জনাব মেহনাজ ফেরদৌস মহোদয়কে জামালপুর সদর উপজেলায় যোগদান করার জন্য স্বাগত জানান এবং তাকে ফুল দিয়ে বরন করেন এবং পারস্পরিক সহযোগীতার মাধ্যমে উপজেলা পরিষদের সকল কাজ বাস্তবায়ন করার জন্য আশাবাদ ব্যক্ত করেন। এছাড়া অন্যান্য সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতির অনুমতিক্রমে নভেম্বর/২৩ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হয়েছে মোট ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২য় কিস্তিতে মোট ২৩,৫৪,০০০ টাকা পাওয়া গেছে। সঠিক সময়ে কাজ বাস্তবায়ন এবং কাজের গুণগত মান ঠিক রাখার স্বার্থে উক্ত টাকার বিপরীতে ২য় ধাপের কাজ বাস্তবায়ন করার জন্য দ্রুত প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান গণকে অনুরোধ জানান। | ক) বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরের আওতায় রাজস্ব তহবিল থেকে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ৪,২৯,৫৪,৫৪৯ (চার কোটি উনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত উনপঞ্চাশ) টাকা এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচী থেকে প্রাপ্য টাকার বিপরীতে ২য় ধাপের কাজ বাস্তবায়ন করার জন্য দ্রুত প্রকল্প তালিকা জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার আর্থিক সহযোগীতায় জামালপুর সদর উপজেলায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (৬ষ্ঠ পর্যায়ে) এর উপ-প্রকল্পটি উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে অত্র সভায় অনুমোদনের জন উপস্থাপন করা হলো। উপ-প্রকল্প গুলো নিম্নরুপ:<br>ক্র:নং — উপ-প্রকল্পের নাম — প্রাক্কলিত বাজেট<br>০১ — জামালপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান সমূহে সোলার প্যানেলের স্ট্রিট লাইন স্থাপন। — ১০,০০,০০০<br>মোট: দশ লক্ষ টাকা (ভ্যাট ও আয়কর ব্যতিত) | সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে উল্লেখিত উপ-প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |

| | | |
|---|---|---|
| গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, এডিপি/২০২৩-২৪ অর্থবছরের প্যাকেজ নং ADP/JAMS/23-24/W03 এর আওতাধীন রামদেব বাড়ী (খোকা বাড়ী) হতে পূর্বে মালেকের বাড়ি পর্যন্ত রাস্তাটি জামালপুর জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পে অর্ন্তভূক্ত হওয়ায় উক্ত রাস্তাটিতে বরাদ্দকৃত অর্থ রশিদপুর ইউনিয়নের চেয়ারম্যানের পরামর্শক্রমে সংশ্লিষ্ট প্যাকেজে অর্ন্তভূক্ত চক বাজার হতে পূর্বে ফরমান বেপারীর বাড়ির রাস্তায় প্রদান করার জন্য অনুরোধ করা হলো।<br>ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ও কনফারেন্স রুমের ওয়াশরুম মেরামত ও সংস্কার এবং উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত সরকারি বাসভবনের সামনের সংযোগ সড়ক নির্মানের ব্যয় নির্বাহের জন্য প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। কাজটি বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পটির নাম পরিবর্তন করে সংশ্লিষ্ট প্যাকেজে অর্ন্তভূক্ত চক বাজার হতে পূর্বে ফরমান বেপারীর বাড়ির রাস্তাটি প্রকল্প তালিকায় অর্ন্তভূক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঘ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয়ের অফিস কক্ষ ও কনফারেন্স রুমের ওয়াশরুম মেরামত ও সংস্কার এবং উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত সরকারি বাসভবনের সামনের সংযোগ সড়ক আর এফ কিউ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |
| ২। স্বাস্থ্য বিভাগঃ<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ১০ ডিসেম্বর, ২০২৩ খ্রি.পর্যন্ত জামালপুর সদর উপজেলায় করোনা ভ্যাকসিনের প্রথম ডোজ গ্রহণকারীর হার ৯০.০৫%, ২য় ডোজ গ্রহণকারীর হার ৯০.৯৪%, ৩য় ডোজ (বোষ্টার) গ্রহণকারীর হার ৬৬.২১% এবং ৪র্থ ডোজ গ্রহণকারীর হার ৬.৭৭%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে করোনা ভাইরাসের টিকা প্রদানের জন্য নিবন্ধন এবং প্রয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সদর।<br>২। সদস্য, সংশ্লিষ্ট কমিটি। |
| ৩। কৃষি বিভাগঃ<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, জামালপুর সদর উপজেলায় ২০২৩-২৪ মৌসুমে রোপা আমন আবাদের লক্ষ্যমাত্রা অর্জন হয়েছে। ইতিমধ্যে কৃষকের মধ্যে মাসকালাই ও সরিষা এর প্রণোদনার সার ও বীপ বিতরণ সম্পন্ন হয়েছে। আসন্ন রবি মৌসুমে ০৭ ধরনের ফসলের প্রণোদনা (গম, ভূট্টা, সরিষা, চীনা বাদাম, শীতকালীন পিঁয়াজ, মসুর ও মুগ ডাল) ১৩,৮৮০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মধ্যে বিতরণ করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক নিয়মে চলছে। | মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যার সমাধানসহ সরকার কর্তৃক প্রদত্ত বিভিন্ন প্রণোদনা কৃষকদের মাঝে সঠিক সময়ে পৌছে দেওয়া সহ কৃষকদের প্রয়োজনে সব ধরনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা কৃষি কর্মকর্তা, সদর<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৪। মৎস্য বিভাগঃ<br>উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় বলেন যে, যুগনীদহ বিলে মৎস্য অভয়াশ্রম স্থাপন করা হয়েছে। এছাড়া ০২টি ব্যাচ (ভালুকা আশ্রায়ন প্রকল্পের সুফলভোগী ও শাহবাজপুর ইউনিয়নের নমুনা গ্রামের চাষীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এবং বাজার মনিটরিং সহ দপ্তরের অন্যান্য যাবতীয় কাজ সরকারি নীতিমালা মোতাবেক চলমান রয়েছে। | মৎস্য বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর।<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ৫। প্রাণি সম্পদ বিভাগঃ<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় বলেন যে, ১১ ডিসেম্বর, ২০২৩খ্রি পর্যন্ত গবাদি পশু চিকিৎসা সেবা দেওয়া হয়েছে ২,৪১০টি, হাঁস মুরগী ২৫,৩০০টি, পোষা পাখি পশু-১১টি। কৃত্রিম প্রজনন দেওয়া হয়েছে ১,২৩০ টি এবং খামার পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়েছে ১২ টি ও ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প | প্রাণি সম্পদ বিভাগের আওতায় বিভিন্ন প্রশিক্ষণ ও অভিযান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা প্রাণী সম্পদ অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| করা হয়েছে-০২ টি। এছাড়া গবাদি পশুকে টিকা প্রদান করা হয়েছে ১,২০০টি এবং হাঁস মুরগি ৩৫,০০০টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | | |
| **৬। পরিবার পরিকল্পনা বিভাগঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, ১১/১২/২০২৩খ্রিঃ পর্যন্ত মোট সক্ষম দম্পতির সংখ্যা-১,৩৬,৬১১ জন। স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (পুরুষ) -০১ জন। স্থায়ী পদ্ধতি (মহিলা) -৪৮। দীঘমেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) -২২ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) - ৬৩ জন। নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে-২৩ জনকে। এবং প্রাতিষ্ঠানিক নিরাপদ স্বাভাবিক প্রসব সেবা (এমসিডব্লিউসি) করা হয়েছে-৪৩ জনকে ও সিজারিয়ান প্রসব সেবা প্রদান করা হয়েছে -১০ জনকে। সর্বমোট পদ্ধাতি গ্রহণকারীর সংখ্যা-১,০৯,৫৬৯ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) - ৮০.২১% । এছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৭। ত্রাণ ও পুর্ণবাসনঃ**<br>ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা সভায় বলেন যে, ১ম পর্যায়ের টি.আর কাবিখা ও কাবিটার কাজ শেষ হয়েছে। এবং ২য় পর্যায়ের তালিকা এখন পর্যন্ত পাওয়া যায়নি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, অত্র বিভাগের কাজ সরকারি নির্দেশনা মোতাবেক সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। ২০২৪ সালে বিনামূল্যে বিতরণের জন্য ইতোমধ্যে ৭০% বই পাওয়া গেছে। আগামী ০১ জানুয়ারি সকল ছাত্র ছাত্রীদের মাঝে বই তুলে দেওয়া হবে। নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে সকল শিক্ষককে প্রশিক্ষণ করানো হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর, জামালপুর। |
| **৯। শিক্ষা বিভাগঃ**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে প্রাথমিক এর ৩য় প্রান্তিক মূল্যায়ন শেষ হয়েছে। ২০২৪ সালের জন্য শতভাগ বই পাওয়া গেছে। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের কেন্দ্র হিসাবে যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় ব্যবহৃত হচ্ছে তাদের মধ্যে থেকে ৫৬টি বিদ্যালয়ের অনুকূলে মেরামত বাবদ বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া বিদ্যালয় ভিত্তিক শিশু জরিপ এর কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগঃ**<br>মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, তার বিভাগ থেকে ৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদর। |
| **১১। সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, জামালপুর সদর উপজেলায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও প্রতিবন্ধী শিক্ষণ উপবৃত্তি সহ সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় প্রায় ৫২ হাজার ভাতা ভোগীকে জিটুপি পদ্ধতিতে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে | ক) ইউনিয়ন চেয়ারম্যান (সকল) |

| | | |
|---|---|---|
| ভাতা প্রদান করা হচ্ছে। লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সহযোগিতায় মৃত, সধবা ভাতা ভোগীদের প্রতিস্থাপন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে তিনি সভাকে জানান যে, ১৫টি ইউনিয়নে সর্বমোট ৫৭০ জন মৃত ভাতাভোগীর স্থলে প্রতিস্থাপন যোগ্য ভাতাভোগীর নামের তালিকা সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটির মাধ্যমে উপজেলা সমাজসেবা কার্যালয়, জামালপুর সদরে প্রেরণ করেছেন যা উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটির সভায় অনুমোদন যোগ্য। এ বিষয়ে সমাজসেবা অফিসার সংশ্লিষ্ট সবাইকে সতর্ক করে বলেন যে, মৃত্যু সনদ প্রদানের ক্ষেত্রে সকলকে সাবধান হতে হবে। তাছাড়া ভাতাভোগীর পিন নম্বর নিয়েও তিনি সবাইকে সচেতন হওয়ার জন্য অনুরোধ জানান। পিন নম্বর একজন ভাতাভোগীর ডিজিটাল চাবি স্বরূপ। সমাজসেবা অফিসার সভাকে আরো বলেন যে, আগামী ১৭-৩১ ডিসেম্বর মাসে ভাতা ভোগীর ২য় কিস্তির পে রোল প্রদান করা হবে। পে রোল প্রদানের ১৫ থেকে ২০ দিনের মধ্যে ভাতা ভোগীদের মোবাইলে টাকা পাওয়া যাবে। এছাড়া তিনি আরো জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ২০,২৮৭ জন ভাতার জন্য আবেদন করেছেন। যা এম আই এস এর মাধ্যমে তাদের নামের তালিকা সদর দপ্তর ঢাকায় প্রেরন করা হয়েছে। পরবর্তী সময়ে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ভাতা প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগীতা কামনা করেন।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ইউপি চেয়ারম্যানগণকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া সহ সরকারি বিধি মোতাবেক বিভিন্ন ভাতা দ্রুত প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। এ প্রসঙ্গে ৫৭০ জনের প্রতিস্থাপনকৃত ভাতা ভোগীর তালিকার বিষয়ে কারো কোন আপত্তি না থাকায় তালিকাটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর থেকে চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১১,০০,০০০ টাকা। বর্তমান মাসে চলমান আদায়কৃত ঋণের পরিমাণ ২,২৬,৯৬০ টাকা। চলমান অর্থবছরে প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪২০ জন। প্রশিক্ষন বাস্তবায়ন করা হয়েছে ১৮০ জন। নিবন্ধনকৃত যুব সংগঠন রয়েছে-১৪ টি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ঋণ বিতরণ এবং ঋণ গ্রহিতা যুব ও যুবতীদের ঋণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে হবে এবং নতুন নতুন কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি অন্যান্য কার্যক্রম এর সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২৬৩ জন সদস্যদের মাঝে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৪,১৪,০০,০০০ (চার কোটি চৌদ্দ লক্ষ) টাকা এবং আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৯৬,৪০,০০০ (এক কোটি ছিয়ানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৪৭%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৩৫,৯১,০০০ (পয়ত্রিশ লক্ষ একানব্বই হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ২৪,০৫,০০০ (চব্বিশ লক্ষ পাঁচ হাজার) টাকা। ঋণ আদায়ের হার ৬৭%। ব্যারাক ত্যাগকারী ঋণ গ্রহণকারীর সংখ্যা-৬৬ জন। ব্যারাক ত্যাগকারীদের নিকট ঋণ পাওনা ৪,২২,৯৩০ (চার লক্ষ বাইশ হাজার নয়শত ত্রিশ) টাকা এবং ঋণ গ্রহনকারী মৃত সদস্যদের নিকট ঋণ পাওনা ২,০৭,০০০ (দুই লক্ষ সাত) | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |

| | | |
|---|---|---|
| হাজার টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | | |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):** উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় জানান যে, ১১ ডিসেম্বর/২৩ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ০০ লক্ষ টাকা এবং ঋণ আদায় ৫.৬০ লক্ষ টাকা। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:** উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্প বরাদ্দ পাওয়া গেছে এবং কার্যাদেশ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৬৮টি ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ৪৩টি ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে এবং বাকী কাজ চলমান রয়েছে। এছাড়া পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ ও হ্যান্ড ওয়াশ বেসিন এর ২০০টি বরাদ্দ পাওয়া গিয়াছে। যার মধ্যে ১৮০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপের বোরিং সম্পন্ন হয়েছে এবং বেসিনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |
| **১৬। খাদ্য বিভাগ:** অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা খাদ্য কর্মকর্তা সদর, জামালপুর। |
| **১৭। বন বিভাগ:** ভারপ্রাপ্ত কর্মকর্তা, জামালপুর এসএফএনটিসি, ময়মনসিংহ বন বিভাগ সভায় বলেন যে, চলতি অর্থ বছরে বরাদ্দ অনুযায়ী বিক্রয় ও বিতরণের জন্য নার্সারীতে চারা উত্তোলন ও পরিচর্যার কাজ চলমান আছে। বিভিন্ন ইউনিয়নে অবৈধ করাতকল মালিকদের লাইসেন্স করার জন্য নোটিশ প্রদানের কাজ এবং আবেদন জমা নেওয়ার কাজ চলমান রয়েছে। মেয়াদোত্তীর্ণ বিভিন্ন সনের স্ট্রীপ বাগান কর্তনের জন্য মার্কিং এর কাজ চলমান আছে। বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ অনুযায়ী অবৈধভাবে বন্যপ্রাণী ও পাখি শিকার, ক্রয় বিক্রয় বন্ধে অভিযান অব্যাহত আছে। বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২৩ সনে বিভিন্ন উপজেলায় নার্সারী মালিকদের নিকট হতে এবং অন্যান্য প্রতিষ্ঠান হতে আবেদন জমা নেওয়া ও তদন্তের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | অত্র দপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, সদর। |
| **১৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ৬ষ্ঠ পর্যায়ের জন্য ৪০ (চল্লিশ) লক্ষ টাকার ০৩ (তিন) টি অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ শুরু হয়েছে। অপরদিকে অতিরিক্ত বরাদ্দ হিসাবে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ১০ (দশ) লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। তাই অতিদ্রুত বরাদ্দকৃত অর্থের দ্বারা প্রকল্প নির্বাচন করে অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করার জন্য | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের জন্য প্রকল্প গুলো সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্রিষ্ট বিভাগকে অনুরোধ করা হয় ও উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্রিষ্ট | ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সভায় অনুরোধ করা হয়। এছাড়া উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে। | বিভাগকে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হয়। | |
| ১৮। বিএডিসি (সেচ)<br>সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, জামালপুর জোন, জামালপুর সভায় বলেন যে, চলতি ২০২৩-২৪ অর্থ বছরে জামালপুর সদর উপজেলা সমূহে ইউপিভিসি বারিড পাইপ লাইনের (ভূ-গর্ভস্থ সেচনালা) মাধ্যমে ৩৮টি গভীর নলকূপ দ্বারা ৯০০ হেক্টর এবং ০৪ টিএলএলপি দ্বারা ৮০ হেক্টর জমিতে সুষ্ঠভাবে সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। এছাড়া ০২টি সৌর বিদ্যুৎ চালিত ডাগওয়েল দ্বারা সেচ সুবিধা প্রদান করা হচ্ছে। মাঠ পর্যায়ে ২০২৩-২৪ অর্থ বছরে ১৮৭টি লাইসেন্স প্রদান করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | বিএডিসি সেচ প্রকল্পের আওতায় সকল কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি, সদর, জামালপুর। |
| ১৯। পাট উন্নয়ন কর্মকর্তা:<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর |
| ২০। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা করা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, সদর, জামালপুর। |
| ২১। পল্লী সঞ্চয় ব্যাংকঃ<br>ব্রাঞ্চ ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক সভায় বলেন যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩/২৪ অর্থবছরের ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় আদায়ের কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যন্য কার্যক্রম সুষ্টু ও সুন্দরভাবে চলছে। | ঋণ বিতরণসহ বিভাগীয় সকল কাযক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ব্যাঞ্চ ম্যানেজার<br>পল্লী সঞ্চয় ব্যাংক, সদর জামালপুর। |
| ২২। বিবিধঃ<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী, পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৩) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৪) অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত।<br>(৫) আসবাবপত্র ক্রয় ও মেরামত। | (ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত, অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান, অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত,আসবাবপত্র ক্রয় ও মেরামতের বিল অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট কমিটি। |
| <u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ০৯ নভেম্বর,২০২৩ থেকে ১১ ডিসেম্বর,২৩ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। (see table below) | বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ০৯ নভেম্বর, ২০২৩খ্রিঃ থেকে ১১ ডিসেম্বর, ২৩ খ্রিঃ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ১৬,৩৩,৭৬১ (ষোল লক্ষ তেত্রিশ হাজার সাতশত একষট্টি) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা | সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা। |

| ব্যয়ের খাত | টাকা |
|---|---|
| উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা | ৯৯,০০০ |
| বজ্র্য ব্যবস্থাপনা | ৪৯,৫০০ |
| আনসারের বেতন | ৮,৩৩৩ |
| আপ্যায়ন ও অফিস স্টেশনারী | ৪২,৯৬০ |

| | | | |
|---|---|---|---|
| মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান | ২৪,২০০ | হলো। | |
| ২২-২৩ অর্থ বছরের এডিপির বিজ্ঞাপন বিল | ৬৭,৭৩০ | | |
| ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত | ১,৩৮,১৬০ | | |
| আসবাবপত্র ক্রয় ও মেরামত | ১,০২,২৭৫ | | |
| আফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত | ১,০৪,২০০ | | |
| ইন্টারনেট বিল | ১৯,৮০০ | | |
| সিসি ক্যামেরা মেরামত | ১৭,৮২৫ | | |
| উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত বাসায় গ্যাস লাইন সংযোগ খরচ | ৮৪,৭৭০ | | |
| বাসাবাড়ী ও অফিস মেরামত | ১,৩৫,৯০০ | | |
| উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত বাসায় আসবাবপত্র ক্রয় (অনুমোদিত) | ৫,৯৯,৪০০ | | |
| সোলার ব্যাটারী পরিবর্তন | ৫০,০০০ | | |
| জ্বালানী তেলের বিল পরিশোধ (জুন/২৩-অক্টোবর/২৩) পর্যন্ত | ৮৯,৭০৮ | | |
| সর্বমোট | ১৬,৩৩,৭৬১ | | |

সভার শেষ পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় বলেন যে, আগামী ০৭ জানুয়ারি,২০২৪ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন কালীন সময়ে একটি শ্রেণী সবসময় আইন শৃঙ্খলা পরিস্থিতি অবনতি করার চেষ্ঠায় লিপ্ত থাকে। এ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে আরো তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন। ইউনিয়নে সংগঠিত যে কোন অসামাজিক ঘটনাসহ যে কোন বিষয় দ্রুত অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। পারস্পরিক সহযোগীতার মাধ্যমে সকল কাজ সঠিকভাবে বাস্তবায়ন করার জন্য দপ্তর প্রধান এবং জনপ্রতিনিধিদের অনুরোধ জানান।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতা ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া টি.আর, কাবিখা সহ যাবতীয় উন্নয়নমূলক প্রকল্প দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। স্বল্প সময়ে মানুষের মাঝে যাবতীয় সরকারি সেবা নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যান সহ সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারিদের সময়মত অফিসে আসা নিশ্চিত করতে হবে। এছাড়া উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প তালিকা জমা দেওয়ার জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

A. Hossain

(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২৩-১৩২৮

তারিখ: ১১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা.........................................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান .....................................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

১২.১২.২৩
(মেহনাজ ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd